দৈনিক ইত্তেফাক

৩৫

তারিখ ...... SEP. 0 7 1999 ......
পৃষ্ঠা ১৫ কলাম ২ ......

## তেজগাঁও কলেজে হাঙ্গামা

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) ঢাকার তেজগাঁও কলেজে গুলী ও বোমাবাজির ঘটনা ঘটে। জানা যায়, ছাত্রদল নবীনবরণ উপলক্ষে সকালে কলেজ ক্যাম্পাসে মিছিল বাহির করিলে কতিপয় তরুণ ফাঁকা গুলীবর্ষণ করে ও বোমার বিস্ফোরণ ঘটায়। ছাত্রদল পরে এক প্রতিবাদ সমাবেশে এই ঘটনার জন্য ছাত্রলীগকে দায়ী করে। সমাবেশে ছাত্রদল নেতা হাসান মঞ্জুর, ফখরুল ইসলাম রবিন, নাসিরউদ্দিন খোকন, পারভেজ রিপন প্রমুখ বক্তব্য রাখেন।